**যেখানে উপসংহার**
**সীমা ব্যানার্জ্জী-রায়**

পৃথিবীতে বড় বেশী দুঃখ আমি পেয়ে গেছি, অবিশ্বাসে
প্রহরীর মতো একা, সুখ ও অসুখ নিয়ে ওষ্ঠাধর ত্রাসে
:
নিজেই বেছেছি এই পথ, ফেরার অন্য নেই পথ
জীবন ও মানুষের হাঁটা চলার ভাষা-বড় বেশি শ্লথ
:
'ভাষা' শব্দটি যেন প্রকৃতির গাণিতিক সংকেতের খেলা
পরস্পর কথা বলে, স্বপ্নের ভিতর এক স্বপ্ন দুয়ার খোলা
:
তীব্রভাবে বেজে ওঠে কৃতঘ্ন শব্দের রাশি
এখন আমার ধ্যান আর বিস্মরণ নয়, কেবলি রশি
:
যেন আমি পার্থিব আলোয় খুঁজি জীবনের বিস্ময়ের অশ্রুজল
সামান্য শরীর ঘিরে পরেছি অনন্তের কঠিন শৃঙ্খল
:
এত আলো-বাতাস, তবু দীর্ঘশ্বাসে দুলে ওঠে বিষণ্ণতা
জীবনের নিয়ম ও নিয়মহীনতায় সর্বনাশা শূন্যতা
:

হাহাকার মেশা উচ্চারণে আমি পরিত্রাণ চাই
মুহূর্ত বিমূর্ত হয়, দূরত্বকে শান্তি ভেবে যাই
:
অসহিষ্ণু বাসনায় নিজেকে ঢেকেছি অবিরত
দিনের আলোয় ভীরু প্রাণ জোনাকির মতো
:
চতুর্দিকে জনারণ্য দেবে শুধু অতৃপ্তির জ্বালা
ছোট ছোট সুখ দুঃখ নিয়ে বাঁচার নাম নিরালা
:
নিয়তি বদল করে, আলো-ছায়া -আলো ঘোরে পাংশু ঈর্ষার
তার চেয়ে, দূরে চলে যাবো, সীমার যেখানে উপসংহার

******